

তালা উপজেলা পরিষদের জুলাই ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : দীপা রানী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ২৮/০৭/২০২৫খ্রি:
সভার সময় : সকাল ১১.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা নথিতে সংরক্ষিত।
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অত্র:পর সভার কাজ শুরু করেন।

বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টীকরণ:

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, তালা পর পর বিভাগওয়ায়ী আলোচনা করার জন্য সকল বিভাগকে অনুরোধ করেন।

ক্র. নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	উপজেলা প্রকৌশল বিভাগ	১. সভায় উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে এডিপি খাতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। রাজস্ব উদ্বৃত্ত তহবিলের অর্থ ইতোমধ্যে স্থানান্তর করা হয়েছে। বিভাজনকৃত বাজেট মোতাবেক প্রকল্প আগামী ১০ই আগস্ট ২০২৫ তারিখের মধ্যে দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে তিনি অনুরোধ জানান। ২০২৪-২৫ অর্থবছরের এডিপি ও রাজস্ব উদ্বৃত্তের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। তবে তালা উপজেলার বিভিন্ন ইউনিয়নে এলজিইডি নির্মিত রাস্তা মেরামতের বরাদ্দ অপ্রতুল থাকায় রাস্তাগুলো সংস্কার করা সম্ভব হচ্ছেনা। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	রাজস্ব উদ্বৃত্তের তালিকা নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। তালা উপজেলার রাস্তা মেরামতের তহবিল প্রাপ্তির জন্য স্থানীয় সরকার বিভাগে রাস্তার নাম উল্লেখ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
		২. উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, উপজেলা পরিষদের পিছনে সীমানা প্রাচীর বহু বছর পূর্বে নির্মিত হওয়ায় অধিকাংশ নষ্ট হয়ে গেছে। এই অস্থায়ী সীমানা প্রাচীরটি অতিসাধারণ ও অনেক পুরাতন এবং কিছু অংশ কাটাতার দিয়ে বেষ্টিত। নির্মাণের পর হতে অদ্যাবধি কোনো ধরনের মেরামত করা হয়নি ফলে সীমানা প্রাচীর (২৬০ মিটার) জরাজীর্ণ অবস্থা হওয়ায় উপজেলা পরিষদটি নিরাপত্তাহীনতায় আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিরাপত্তা রক্ষার্থে পিছনের অংশে সীমানা প্রাচীর নির্মাণে সকলে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে (রাজস্ব তহবিলের স্থিতি সংযুক্ত) অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য এলজিইডি রোট শিডিউল ২০২৩ অনুযায়ী এবং স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০২২-৭৯৩ তারিখঃ ২৩/০৭/২০২৩ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক প্রতি মিটার এগারো হাজার ছয়শত টাকা ধরে প্রাক্কলিত মূল্য ত্রিশ লক্ষ চৌদ্দ হাজার আটশত নয় টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়।	স্থানীয় সরকার বিভাগে সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা
		৩. উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, সাতক্ষীরা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় তালা উপজেলার বিভিন্ন ইউনিয়ন সড়ক, গ্রাম সড়ক-এ, গ্রাম সড়ক-বি, ব্রিজ, কালভার্ট, ইউ-ড্রেন, গ্রামীণ হাট বাজার, ঘাটলা ও উপজেলা পরিষদের অভ্যন্তরে কর্মকর্তা/কর্মচারীদের থাকার জন্য ডরমিটরি ভবন নির্মাণের জন্য প্রস্তাবনা দেওয়া হয়েছে। এছাড়া প্রস্তাবিত এ প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩৬০০.৮৮ (তিন	সমঝোতা স্মারক চুক্তি সম্পাদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা

	হাজার ছয়শ কোটি আটশ লক্ষ) টাকার প্রাকল্পিত ব্যয় জুলাই/২০২৫ হতে জুন/২০৩০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য এলজিইডি কর্তৃক প্রস্তাব করা হয়েছে। উক্ত প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো গ্রামীণ অর্থনীতির ক্রমবর্ধমান বিকাশ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করণে সহায়ক গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও বাজার পরিষেবাগুলি উন্নত ও সঠিকভাবে পরিচালনা, জলবায়ু সহনশীল ও টেকসই গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং প্রকল্প এলাকার গ্রামীণ সড়কের ধারণ ক্ষমতা ও সড়ক নিরাপত্তা বৃদ্ধি এবং স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থান সৃষ্টি করা। প্রস্তাবিত প্রকল্পে সাতক্ষীরা জেলার সাতটি উপজেলা নিয়ে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে উপজেলা সড়ক বিসি দ্বারা উন্নয়নে ১০.৮০ কিলোমিটার, ইউনিয়ন সড়ক বিসি দ্বারা উন্নয়নে ৪৪.৪০ কিলোমিটার, গ্রামীণ সড়ক “এ” বিসি দ্বারা উন্নয়নে ৮১০.২২ কিলোমিটার, গ্রাম সড়ক “বি” বিসি দ্বারা উন্নয়নে ১০৩৪.০৮৩ কিলোমিটার ও গ্রাম সড়ক ইউনিয়ন দ্বারা উন্নয়ন ৫০.৪৩ কিলোমিটার, গ্রাম সড়ক প্রশস্তকরণ ২০২.৫৪ কিলোমিটার, গ্রামীণ সড়ক মেরামত/পুনর্বাসন ৬১৩.১৫ কিলোমিটার, গ্রামীণ সড়কে সেতু নির্মাণ ১২০১.০০ মিটার, গ্রামীণ সড়কে বস্ত্র কালভার্ট নির্মাণ ২১৪৩.৪৫ মিটার, ঘাটলা নির্মাণ ১২ টি, সাত উপজেলার ০৭টি ডরমিটরি ভবন, এছাড়া তালু উপজেলার তালু বাজার, পাটকেলঘাটা বাজার, দলুয়া বাজার, হরিহরনগর বাজার, জাতপুর বাজার, খেজুরবুনিয়া বাজার ও ইসলামকাটি বাজারসহ সাতক্ষীরা জেলার ৩৭ টি হাট বাজার উন্নয়নের জন্য প্রস্তাবনা করা হয়। স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা-১ শাখা, স্মারক নং- ৪৬.০০.০০০০.০৯৩.১৪.০৬৩.২৫-৩৪০ তারিখঃ ১৫/০৭/২০২৫ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের অভ্যন্তরে চার তলা বিশিষ্ট ডরমিটরি ভবন নির্মাণের জন্য জমির নিশ্চয়তা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সাথে এলজিইডি’র পক্ষে নির্বাহী প্রকৌশলী/উপজেলা প্রকৌশলীর সমঝোতা স্মারক চুক্তি সম্পন্ন পূর্বক ডিপিপি পুনর্গঠন করার নির্দেশনা পাওয়া যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে যেহেতু ভবনগুলো বহু বছর পূর্বে নির্মিত ও দীর্ঘদিন যাবৎ রক্ষণাবেক্ষণ না করার কারণে সেগুলো জরাজীর্ণ হয়ে পড়েছে। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে জরাজীর্ণ ভবন অপসারণ করে নতুন চারতলা ভবন নির্মাণের জন্য সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। পাশাপাশি স্থানীয় সরকার বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে উপজেলা নির্বাহী অফিসার ও এলজিইডি’র পক্ষে উপজেলা প্রকৌশলীর সাথে উপজেলা পরিষদের অভ্যন্তরে জমির নিশ্চয়তাসহ ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ বিষয়ে সমঝোতা স্মারক চুক্তি সম্পাদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।		
	৪. উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, সাতক্ষীরা জেলার তালু উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত রজনীগন্ধা, শালতা, শালিখা, কোয়েল, শাপলা, বনফুল ও কামিনী আবাসিক ভবনগুলো দীর্ঘদিন যাবৎ ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। ভবনের দেওয়ালের প্রাচীর ঝরে পড়েছে। ছাদের বিভিন্ন অংশ থেকে কংক্রিট ঝড়ে পড়ে রড বের হয়ে আছে। সার্বিকভাবে ভবনগুলো জরাজীর্ণ, কাঠামোগত অনিরাপদ, ঝুঁকিপূর্ণ ও ব্যবহার অনুপযোগী এবং বহু বছর পূর্বে নির্মিত হওয়ায় নির্মাণের পর হতে দীর্ঘদিন যাবৎ বড় ধরনের মেরামত করা হয়নি। বর্তমানে	ভবনগুলো দ্রুত অপসারণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালু ২। উপজেলা প্রকৌশলী, তালু

		মেরামত অযোগ্য এবং বৃক্কিপূর্ণ হওয়ায় যেকোনো মুহুর্তে ভবনের অংশবিশেষ ধসে পড়ে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে। বর্ষা মৌসুমে নিচের অংশ পানিতে নিমজ্জিত থাকার কারণে বিভিন্ন ধরনের জীবাণুবাহিত মশা, মাছি সহ জীবন হানিকর উপদ্রবের উদ্ভব হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি বহু বছর আগে নির্মিত এবং জারাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী। ভবনটি দ্রুত অপসারণ করে নতুন ভবন নির্মাণ করা প্রয়োজন।		
২.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২৫-২৬ অর্থবছরে এখনো কোন বরাদ্দ পাওয়া যায়নি তবে ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও টি,আরসহ অন্যান্য প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পগুলি ১০০% বাস্তবায়ন করা হয়েছে।	সকল কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
৩.	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রাথমিক বিদ্যালয়ে চুরির বিষয়টি সভায় আলোচনা করেন। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়ে নৈশ প্রহরী নিয়োগ কার্যক্রম সচল করা গেলে অচিরেই এ সমস্যা সমাধান সহজ হতো। এ বিষয়ে মহামান্য হাইকোর্টে মামলা চলমান রয়েছে মর্মে জানা যায়। এছাড়া উপজেলাধীন অনেক স্কুলের মাঠ জলাবদ্ধ রয়েছে। সেগুলো এন্টিমেট করে জলাবদ্ধতা নিরসনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অফিসের প্রবেশ দ্বার জলমগ্ন থাকায় অফিসে সেবাগ্রহিতাদের অসুবিধা হচ্ছে। একটি প্রকল্প গ্রহণের মাধ্যমে এ সমস্যার সমাধান করার জন্য সভাকে তিনি অনুরোধ করেন।	মহামান্য হাইকোর্টে মামলা দ্রুত নিষ্পত্তিপূর্বক নৈশ প্রহরী নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে ডিপিইও অফিসের সাথে প্রয়োজনীয় যোগাযোগের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। অফিসের সামনে জলাবদ্ধতা নিরসনের জন্য ব্যবস্থা গ্রহণের উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৪.	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন যে, ২০২৫ সালের এইচএসসি ও আলিম পরীক্ষা চলমান রয়েছে। তিনি সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	চলমান পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। অফিসার ইন চার্জ, তালা/ পাটকেলখাটা থানা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৫.	উপজেলা মহিলা বিষয়ক দপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, জুলাই-২৫ মাসে ৯টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। মানব পাচারের কোন তথ্য নেই।	বাল্যবিবাহ প্রতিরোধে নজরদারি আরও বাড়ানোর জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। অফিসার ইন চার্জ, তালা / পাটকেলখাটা থানা ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৬.	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, জুলাই/২০২৫ মোট সক্ষম দম্পতি ৬৩২৭৬ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের সংখ্যা ৪৮৬১৩ জন। গ্রহণকারীর হার ৭৬.৮৩%। চলতি মাসে ০২ জনকে স্থায়ী পদ্ধতি গ্রহণের সেবা প্রদান করা হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য সেবার এএনসি-১১৫৫ জন, পিএনসি-২৭৮ জন, ডেলিভারী-২৭ জন, শিশু-৩৪৫১ জন এবং সাধারণ রোগী ৪৯৩৯ জনকে সেবা দেয়া হয়েছে। তা ছাড়া প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে স্বাভাবিক সেবা কার্যক্রম চলমান।	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগকে পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৭.	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আগামী ১২ই আগস্ট ২০২৫ তারিখ জাতীয় যুব দিবস উদযাপিত হবে। তিনি উক্ত দিবসটি যথাযথভাবে পালনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং যুব দিবসটি যথাযথভাবে পালনের জন্য সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেয়া হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ

৮.	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ আয়োজনটি সাম্প্রতিক বিমান দুর্ঘটনার কারনে আপাতত স্থগিত রয়েছে। পরবর্তীতে দিন ধার্য হলে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে। এছাড়া তার মৎস্য খামারে প্রবেশ পথের পাশে যথাযথভাবে নিয়ম না মেনে মৎস্য ঘের করার ফলে গাইড ওয়াল ভেঙে গেছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিস থেকে গাইড ওয়ালটি মেরামত করে দেয়ার জন্য ইতোমধ্যে ঘের মালিককে পত্র দেয়া হয়েছে। কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য তিনি সভাকে অনুরোধ করেন।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। গাইড ওয়ালের কাজ দ্রুত সম্পন্ন না করলে পরবর্তীতে কঠোর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। সহকারী কমিশনার (ভূমি), তালা ৩। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ৪। অফিসার ইন চার্জ তালা/ পাটকেলঘাটা থানা। ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৯.	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, সারের মজুদ সন্তোষজনক। তবে চাহিদা অনুযায়ী আরও সারের প্রয়োজন। তিনি সভাকে অবহিত করেন যে, বর্তমানে খরিপ মৌসুম অর্থাৎ আমন মৌসুম চলছে। অতিবৃষ্টিতে অধিকাংশ বীজতলা পানিতে তলিয়ে গেছে। কৃষকরা পুনরায় বীজতলা তৈরি করছে। পরবর্তীতে আরও বৃষ্টি হলে কৃষকরা ক্ষতিগ্রস্তের সম্মুখীন হবে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১০.	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের সকল প্রকার ভাতা যথাযথভাবে বিতরণ করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১১.	উপজেলা জনস্বাস্থ্য বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ বলেন যে, স্থানীয় সরকার বিভাগ পানি সরবরাহ-১ শাখার ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৫৯৯ নং স্মারকে ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বাস্তবায়নের লক্ষ্যে ১৪৪টি পানির উৎস (সাব-মার্সিবেল টিউবওয়েল এবং পানির ট্যাংকি) এবং জালালপুর, মাগুরা এবং খেশরা ইউনিয়নে ২১৪টি রেইন ওয়াটার হার্ডেস্টিং (পানির ট্যাংকি) নির্বাচন করা হয়। যার বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কাজ সুষ্ঠুভাবে চলছে।	বিধিমোতাবেক সকল কাজ সম্পাদনের জন্য জনস্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১২.	উপজেলা তথ্যসেবা বিভাগ	উপজেলা তথ্য আপা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, মর্জাপুর বাজারে পাশাপাশি একটি মাধ্যমিক বিদ্যালয় এবং একটি প্রাথমিক বিদ্যালয় থাকায় স্কুল ছুটি এবং শুরুর সময় শিক্ষার্থীদের সাতস্কীরা-খুলনা মেইন রোড পারাপার হওয়ার প্রয়োজন পড়ে। কিন্তু মেইন রাস্তায় কোন বিট না থাকায় দ্রুত গতির যানবাহন চলাচল করায় যেকোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এমতাবস্থায়, মর্জাপুর হাইস্কুল এবং প্রাইমারী স্কুলের মাঝে রাস্তার উপর একটি বিট নির্মাণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কার্যবিবরণী কপি সড়ক ও জনপথ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা তথ্য আপা, তালা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১৩.	সামাজিক বন বিভাগ	ফরেস্টার, সামাজিক বন বিভাগ, তালা সভায় বলেন যে, তার বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য ফরেস্টার, তালাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। ফরেস্টার, সামাজিক বন বিভাগ ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১৪.	উপজেলা স্বাস্থ্য বিভাগ	ইউএইচএফপিও, তালা হাসপাতাল, সভায় বলেন যে, সম্প্রতি তার হাসপাতাল হতে ১০টি এসির আউটলেট চুরি হওয়ার ঘটনায় তিনি থানায় জিডি করেছেন। একটি কমিটিও গঠন করা হয়েছে। যার তদন্তের কাজ চলমান।	এসি চুরির বিষয়টি সঠিক তদন্তের মাধ্যমে ব্যবস্থা নেয়ার জন্য ইউএইচএফপিও ও পুলিশ বিভাগকে ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ৩। অফিসার ইন চার্জ, তালা থানা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১৫.	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা বিআরডিবি কর্মকর্তা বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা বিআরডিবি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা বিআরডিবি কর্মকর্তা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১৬.	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন যে, সাম্প্রতিক সময়ে মরা গরুর জবাইয়ের কয়েকটি অভিযোগ পাওয়া গেছে। ভৎপ্রেক্ষিতে গরু জবাইয়ের পূর্বে প্রাণিসম্পদ অফিস থেকে প্রত্যয়ন সংগ্রহ পূর্বক গরু জবাইয়ের জন্য তিনি	তালা ও পাটকেলঘাটা বাজার এলাকায় গরু জবাইয়ের ক্ষেত্রে প্রাথমিকভাবে প্রাণিসম্পদ অফিস হতে	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ

		ব্যবসায়ীদের প্রতি অনুরোধ করেন। তবে প্রাথমিকভাবে তালা ও পাটকেলঘাটা বাজার এলাকায় গরু জবাইয়ের ক্ষেত্রে এ সিদ্ধান্ত কার্যকর হবে। তিনি তার অফিসের মেইন গেট সংস্কারের জন্য সভাকে অনুরোধ করেন।	প্রত্যয়ন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। মেইন গেটটি সংস্কারের বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	
১৭.	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	নিয়মানুযায়ী সকল কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তালা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১৮.	উপজেলা রিসোর্স সেন্টার বিভাগ	উপজেলা ইন্সট্রাক্টর বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
১৯.	উপজেলা আইসিটি বিভাগ	উপজেলা আইসিটি কর্মকর্তা বলেন যে, আইসিটি বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে উপজেলা সকল দপ্তরকে (ইউনিয়ন পরিষদসহ) ওয়েব সাইট হালনাগাদ করা দরকার। জন্য উপজেলা আইসিটি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয় এবং ওয়েব সাইট হালনাগাদ করার জন্য উপজেলা আইসিটি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা আইসিটি কর্মকর্তা, তালা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
২০.	উপজেলা পরিচালনা ও উন্নয়ন বিভাগ	সভায় ইউডিএফ তালা বলেন, তালা উপজেলার সুষ্ঠু ও সমভাবে উন্নয়নকল্পে তালা উপজেলা পরিষদের বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করার লক্ষ্যে তিনি ইতোমধ্যে কাজ শুরু করেছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।	তালা উপজেলার সুষ্ঠু ও সমভাবে উন্নয়নকল্পে তালা উপজেলা পরিষদের বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করার কাজ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। সহকারী কমিশনার (ভূমি), তালা ৩। উপজেলা সকল কর্মকর্তা, তালা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
২১.	চেয়ারম্যান, ধানদিয়া ইউনিয়ন পরিষদ	সভায় চেয়ারম্যান, ধানদিয়া ইউপি বলেন যে, তার ইউনিয়নে প্রাপ্ত বরাদ্দ দিয়ে সকল কাজ যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।	প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
২২.	চেয়ারম্যান, নগরঘাটা ইউনিয়ন পরিষদ	সভায় চেয়ারম্যানের প্রতিনিধি বলেন যে, ত্রিশ মাইল রাস্তার উপর দিয়ে পানি ওভার ফ্লো হয়ে এলাকা প্রাণিত হচ্ছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য সভাকে অনুরোধ করেন। এছাড়া টিসিবির মালামাল সুষ্ঠুভাবে বিতরণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।	জলাবদ্ধতা এবং টিসিবির মালামাল বিতরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল)
২৩.	চেয়ারম্যান, সরুলিয়া ইউনিয়ন পরিষদ	সভায় চেয়ারম্যান এর প্রতিনিধি বলেন যে, তার ইউনিয়নের ২টি ওয়ার্ডে সার ডিলার নেই। দ্রুত সার ডিলার নিয়োগের জন্য সভাকে অনুরোধ করেন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
২৪.	চেয়ারম্যান, কুমিরা ইউনিয়ন পরিষদ	প্যানেল চেয়ারম্যান সভায় বলেন যে, কুমিরা থেকে বগা রাস্তাটির ৩-৪ কিলোমিটার খুবই খারাপ অবস্থা, সংস্কারের জন্য তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
২৫.	চেয়ারম্যান, তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যানের প্রতিনিধি সভায় বলেন যে, তার ৫নং ওয়ার্ডে সারের ডিলার শূণ্য রয়েছে। দ্রুত নিয়োগের ব্যবস্থান জন্য অনুরোধ করেন।	বিধিমোতাবেক সংশ্লিষ্ট ওয়ার্ডে সারের ডিলার নিয়োগ করা হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
২৬.	চেয়ারম্যান, তালা সদর ইউনিয়ন পরিষদ	সভায় প্যানেল চেয়ারম্যান বলেন যে, অতীতে ৪০ দিনের কর্মসূচির প্রকল্প তালা উপজেলায় বাস্তবায়ন হয়েছে। কিন্তু বর্তমানে প্রকল্পটি তালায় নেই কিছু অন্যান্য অনেক উপজেলায় রয়েছে। তালা উপজেলাতে যাতে প্রকল্পটির কাজ বাস্তবায়ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
২৭.	চেয়ারম্যান, ইসলামকাটি ইউনিয়ন পরিষদ	সভায় চেয়ারম্যান বলেন যে, ইসলামকাটি থেকে মর্জাপুর বাজার সড়কটি সংস্কারের জন্য প্রাঙ্গলন প্রস্তুত করে ঢাকায় প্রেরণ করা হয়েছে। কিন্তু এখনও অনুমোদন পাওয়া যায়নি। গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি সংস্কার খুবই জরুরি। টিসিবির কার্ড বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন।	সড়ক সংস্কারের বিষয়টি ডরান্নিত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। টিসিবির কার্ড বৃদ্ধির জন্য জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ

২৮.	চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ	সভায় চেয়ারম্যানের প্রতিনিধি জানান, তার ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ১জন করে সারের ডিলার নিশ্চিত করার জন্য অনুরোধ করেন।	বিষমোতাবেক সকল ওয়ার্ডে সারের ডিলার নিয়োগ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
২৯.	চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ	সভায় তিনি জানান, খলিষখালী টু কাশিয়াডাঙ্গা রাস্তাটি সংস্কার করা খুবই দরকার। ডিজিডি কার্ড পাওয়া গেছে ২০০টি। তিনি কার্ডের সংখ্যা বৃদ্ধির জন্য অনুরোধ করেন।	এবিষয়ে উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয় এবং ডিজিডি কার্ড বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পত্র যোগাযোগের জন্য মহিলা বিষয়ক দপ্তরকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তালা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
৩০.	চেয়ারম্যান, খেশরা ইউনিয়ন পরিষদ	সভায় চেয়ারম্যান বলেন যে, তার ইউনিয়নেও ডিজিডি কার্ড বৃদ্ধি করা দরকার।	এবিষয়ে প্রয়োজনীয় পত্র যোগাযোগের জন্য মহিলা বিষয়ক দপ্তরকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
৩১.	চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ	সভায় তিনি বলেন, তার ইউনিয়নের সারের ডিলারের বিষয়ে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন মর্মে সভাকে জানান। যে ওয়ার্ডের বাসিন্দা সেই ওয়ার্ডের ডিলারের নিকট হতে সার গ্রহণ করলে সমস্যার সমাধান হতে পারে। কোন দপ্তরের তথ্য প্রয়োজন হলে তথ্য অধিকার আইনে তথ্য নেয়া যেতে পারে মর্মে তিনি সাংবাদিকদের অনুরোধ করেন। এছাড়া তিনি ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক করতে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৩২.	চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ	প্যানেল চেয়ারম্যান সভায় বলেন যে, তার ইউনিয়নের ০২টি ওয়ার্ডে সার ডিলার নেই। সার ডিলার প্রয়োজন।	বিষমোতাবেক ০২টি ওয়ার্ডে সারের ডিলার নিয়োগ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৩৩.	বিবিধ	সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে তালা হাসপাতালে একজন সুইপার নিয়োগ করা রয়েছে। পরিষদের অর্থায়নে হাসপাতালে সুইপার নিয়োগ বিধি সম্মত না হওয়ায় আগামী আগস্ট ২০২৫ হতে সুইপারের শ্রমিক মুজুরি না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে তালা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের সাথে কথা হয়েছে। তিনি তার হাসপাতালের বিবিধ খরচ হতে উক্ত সুইপারের শ্রমিক মুজুরি নির্বাহ করবেন।	পরিষদের অর্থায়নে হাসপাতালে সুইপার নিয়োগ বিধি সম্মত না হওয়ায় আগামী আগস্ট ২০২৫ হতে সুইপারের শ্রমিক মুজুরি না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সুইপারকে হাসপাতালের বিবিধ খরচ হতে শ্রমিক মুজুরি নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, তালা
৩৪.		সভায় উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরে এডিপি ১ কোটি ৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। যার বিপরীতে গৃহীত প্রকল্পগুলো ইতোমধ্যে ১০০% বাস্তবায়ন হয়েছে। তাছাড়া টিআর, কাবিখা, কাবিটার কাজও ১০০% বাস্তবায়ন করা হয়েছে। শুধুমাত্র কিছু কিছু রাস্তার পিচ ঢালাইয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া উপজেলার অন্যান্য সকল বিভাগ তাদের বিভাগীয় উন্নয়নমূলক কাজ ১০০% বাস্তবায়ন করেছে মর্মে সভাকে অবহিত করেছেন। তিনি সভায় আরও বলেন, ইতোমধ্যে উপজেলা উন্নয়ন তহবিলে ২ কোটি টাকা স্থানান্তর করা হয়েছে। বিভাজন মোতাবেক আগামী ১০ দিনের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। জনস্বাস্থ্য বিভাগের প্রাপ্ত গভীর নলকূপ এবং পানির ট্যাংকি জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দিয়ে বিভাজনপূর্বক বিতরণ করা হয়েছে, যার কাজ চলমান। তালার সার্বিক উন্নয়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	১। সংশ্লিষ্ট সকল দপ্তর ২। ইউনিয়ন পরিষদ (সকল)

পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। তিনি সকলকে তার কাজে সহযোগিতার জন্য অনুরোধ করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.৭.২০২৫
দীপা রানী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

নম্বর : ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২৫-

৭৫২

তারিখ : ২৬.০৭.২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ৬। উপজেলা----- কর্মকর্তা, তালা, সাতক্ষীরা।

২৬.৭.২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।